



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট  
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

ফোনঃ ৯১১০৯৫৩  
৮১২১৯৩১-২  
ফ্যাক্সঃ ৯১১৮৪১৫  
ই-মেইলঃ bjriinfo@yahoo.com

কৃষিই সমৃদ্ধি

নম্বর-১২.২৩.০০০০.০০৪.১১.০২৮.১৮. ২৩৭৭

তারিখ- ৮/১২/১৯

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা ও অবস্থান	প্রয়োজনীয় যোগ্যতা
১	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সিএসও) ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩)	০১টি (পেস্ট ম্যানেজমেন্ট বিভাগ)	সংশ্লিষ্ট বিষয়ে পি,এইচ,ডিসহ ১২ বৎসরের অভিজ্ঞতা অথবা বিএসসি (কৃষি)/এম, এস/এম, এস সিসহ সংশ্লিষ্ট কাজে ১৫ বৎসরের অভিজ্ঞতা। ১০টি প্রকাশিত মৌলিক গবেষণা প্রবন্ধ থাকিতে হইবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।
২	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) কারিগরি উইং ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)	০৬টি (ডাইং শাখা, প্রিন্টিং শাখা, মেশিনারি ডেভেলপমেন্ট এন্ড মেইনটেন্যান্স শাখা, টেস্টিং এন্ড স্ট্যান্ডার্ডাইজেশন শাখা, ইলেকট্রনিক্স এন্ড ইকুইপমেন্ট ডেভেলপমেন্ট এন্ড মেইনটেন্যান্স শাখা এবং ওয়েট প্রেসিং শাখা)	সংশ্লিষ্ট বিষয়ে পি, এইচ, ডি-সহ ২ বৎসরের অভিজ্ঞতা, অথবা বিএসসি (টেক)/এম,এস./এম, এস, সি,-সহ ৫ বৎসরের অভিজ্ঞতা। ৩টি মৌলিক গবেষণা প্রবন্ধের প্রকাশনা থাকিতে হইবে।
৩	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) জেটিপিডিসি ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)	০১টি (মার্কেটিং প্রমোশন এন্ড টেকনোলজি ট্রান্সফার সেকশন)	(ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেকনোলজি টেকনোলজী ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যান্য ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (খ) মার্কেটিং/বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন/অর্থনীতি বিষয়ে অন্যান্য ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যান্য ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (গ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যান্য ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ অন্যান্য ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; (ঙ) সকল পরীক্ষায় অন্যান্য ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং (চ) সংশ্লিষ্ট বিষয়ে ৩টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে।

### শর্তাবলীঃ

- প্রার্থীদেরকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে প্রণীত আবেদনের মডেল ফরমে আবেদন করতে হবে। আবেদনের মডেল ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (<http://www.mopa.gov.bd/uploads/2015/archive/forms/admin1-2015-01.PDF>) এবং বিজেআরআই এর ওয়েব সাইট ([www.bjri.gov.bd](http://www.bjri.gov.bd)) এ পাওয়া যাবে।
- প্রার্থীগণকে আগামী ৩১-০১-২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে।
- আগামী ৩১-০১-২০১৯ খ্রিঃ তারিখে ক্রমিক নং-১ এর প্রার্থীগণের বয়স সর্বনিম্ন ৪২ বছর এবং ক্রমিক নং-২ ও ৩ এর প্রার্থীগণের বয়স সর্বনিম্ন ৩৫ বছর হতে হবে।
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর (ডাকযোগে বা সরাসরি) কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীগণকে National Agricultural Research System (NARS) নীতিমালা/মানদণ্ড অনুযায়ী মূল্যায়ন করা হবে। সে প্রেক্ষিতে নির্দিষ্ট মূল্যায়ন ফরম ০৪ (চার) প্রস্থ (সংযোজনীসহ) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। নির্দিষ্ট মূল্যায়ন ফরম বিজেআরআই প্রধান কার্যালয়ের সংস্থাপন শাখা অথবা বিজেআরআই এর ওয়েব সাইট ([www.bjri.gov.bd](http://www.bjri.gov.bd)) হতে Download করে সংগ্রহ করা যাবে।
- আবেদনকারী'কে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

(চলমান পাতা-২)

